৩য় শ্রেণির বাংলা বিষয়ে নতুন শব্দ তৈরি।

পাঠদানে ৩টি উদ্ভাবনী কৌশল দেখানো হয়েছে।

১। দলীয় ভাবে একটি শব্দের শেষ বর্ণ দিয়ে আরেকটি শব্দ তৈরি।

২। দলীয় ভাবে শব্দজট সমাধান করে নতুন শব্দ তৈরি।

৩। জোড়ায় বোর্ডে এসে নতুন শব্দ তৈরি।

উদ্ভাবনী কৌশল- ১ । দলীয় ভাবে একটি শব্দের শেষ বর্ণ দিয়ে আরেকটি শব্দ তৈরি।

কাজের ধাপ সমূহ ---

১। শিক্ষক সব শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করবেন। পদ্মা,মেঘনা প্রভৃতি।

২। প্রথমে শিক্ষক একটি শব্দ বলবেন। তিনি সেই শব্দের শেষ বর্ণটি কি তা বলবেন। এবার তিনি সেই বর্ণটি দিয়ে ১ম দলকে একটি শব্দ তৈরি করতে বলবেন। ১ম দল নতুন শব্দ তৈরি করে সবাই সরবে তা উচ্চারণ করবে।

৩। ১ম দলের তৈরি করা শব্দের শেষ বর্ণটি কি তা শিক্ষক জানতে চাইবেন। তারপর সেই শেষ বর্ণটি দিয়ে শিক্ষক ২য় দলকে আরেকটি নতুন শব্দ তৈরি করতে বলবেন। শিক্ষার্থীরা শব্দ তৈরি করে দলীয়ভাবে সরবে তা উচ্চারণ করবে। ২য় দলের তৈরি করা শব্দের শেষ বর্ণ দিয়ে ৩য় দল আরেকটি নতুন শব্দ তৈরি করবে।

৪। একইভাবে বাকি দলগুলো শব্দ তৈরি করবে এবং একটি নির্দিষ্ট সময় পর্যন্ত এই প্রকিয়া চলতে থাকবে।

ফলাফল -----

১। শিক্ষার্থীরা ১০০ ভাগ সক্রিয় থাকবে।ফলে শিখনফল দ্রুত অর্জন ও টেকসই হবে।

২। নতুন নতুন শব্দ তৈরি করায় শিক্ষার্থীদের সৃজনশীলতা বৃদ্ধি পাবে।

৩। দলে কাজ করার ফলে তাদের মধ্যে আন্তঃব্যক্তিক যোগাযোগ হওয়ায় শিক্ষার্থীদের যোগাযোগ দক্ষতা বাড়বে।

৪। প্রাথমিকের শিক্ষার্থীরা যোগ্যতাভিত্তিক প্রশ্নপত্রের অনুধাবন ও প্রয়োগ মূলক প্রশ্নের উত্তর প্রদানে পারঙ্গম হবে।

উদ্ভাবনী কৌশল- ২ । দলীয় ভাবে শব্দজট সমাধান করে নতুন শব্দ তৈরি।

কাজের ধাপ সমূহ ---

১। শিক্ষক পারগ ও অপারগ শিক্ষার্থীদের সংমিশ্রণে ২ জনের একটি করে দলে (জোড়ায়)ভাগ করবেন। অনেক গুলো দল থাকবে।

২। প্রত্যেক দল বোর্ডে এসে একটি নির্দিষ্ট বর্ণ দিয়ে দুজনে মিলে নতুন শব্দ লিখে সরবে তা উচ্চারণ করবে।

৩। দলের দুই জনের সমান অংশগ্রহন থাকবে।

৪। একইভাবে বাকি দলগুলো শব্দ তৈরি করবে এবং একটি নির্দিষ্ট সময় পর্যন্ত এই প্রকিয়া চলতে থাকবে।

ফলাফল -----

১। শিক্ষার্থীরা ১০০ ভাগ সক্রিয় থাকবে।ফলে শিখনফল দ্রুত অর্জন ও টেকসই হবে।

২। নতুন নতুন শব্দ তৈরি করায় শিক্ষার্থীদের সৃজনশীলতা বৃদ্ধি পাবে।

৩। দলে কাজ করার ফলে তাদের মধ্যে আন্তঃব্যক্তিক যোগাযোগ হওয়ায় শিক্ষার্থীদের যোগাযোগ দক্ষতা বাড়বে।

উদ্ভাবনী কৌশল- ৩ । জোড়ায় বোর্ডে এসে নতুন শব্দ তৈরি।

কাজের ধাপ সমূহ ---

১। শিক্ষক সব শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করবেন। পদ্মা,মেঘনা প্রভৃতি।

২। শিক্ষক প্রত্যেক দলকে পূর্বে তৈরি করা একটি করে শব্দজটের কাগজ সরবরাহ করবেন।

৩। ৩য় শ্রেণির উপযোগী এই শব্দজট গুলোতে ২টি অথবা ৩টি শব্দ থাকবে। মাত্র একটি অথবা ২টি বর্ণ বসালেই এগুলো শব্দে পরিণত হবে।

৪। শব্দজট গুলো এই ভাবে তৈরি করা যেতে পারে –

৫। সরবরাহকৃত শব্দজট দিয়ে শিক্ষার্থীরা দলীয় ভাবে ভেবে নতুন শব্দ তৈরি করবে।

ফলাফল -----

১। শিক্ষার্থীরা ১০০ ভাগ সক্রিয় থাকার ফলে শিখনফল দ্রুত অর্জন ও টেকসই হবে।

২। নতুন নতুন শব্দ তৈরি করায় শিক্ষার্থীদের সৃজনশীলতা বৃদ্ধি পাবে।

৩। দলে কাজ করার ফলে তাদের মধ্যে আন্তঃব্যক্তিক যোগাযোগ হওয়ায় শিক্ষার্থীদের যোগাযোগ দক্ষতা বাড়বে।

৪। প্রাথমিকের শিক্ষার্থীরা যোগ্যতাভিত্তিক প্রশ্নপত্রের অনুধাবন ও প্রয়োগ মূলক প্রশ্নের উত্তর প্রদানে পারঙ্গম হবে।

৫। শিক্ষার্থীদের মধ্যে Critical Thinking দক্ষতা বৃদ্ধি পাবে।